# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মৃত্যুর দু’দিন পূর্বে সর্বশেষ সামরিক অভিযান প্রেরণ (آخر السرايا قبل يومين من الوفاة)

শনিবারে আল্লাহর রাসূল (ছাঃ) কিছুটা হালকা বোধ করেন।[1] এমতাবস্থায় তিনি দু’জনের কাঁধে ভর করে মসজিদে আগমন করেন। তখন আবুবকর (রাঃ)-এর ইমামতিতে যোহরের জামা‘আত শুরু হয়েছিল। রাসূল (ছাঃ)-এর আগমন টের পেয়ে আবুবকর (রাঃ) পিছিয়ে আসার উদ্যোগ নিতেই আল্লাহর রাসূল (ছাঃ) তাকে ইঙ্গিতে নিষেধ করলেন। অতঃপর রাসূল (ছাঃ)-কে আবুবকর (রাঃ)-এর বামপাশে বসিয়ে দেওয়া হ’ল। তিনি তখন রাসূল (ছাঃ)-এর ইক্তেদা করতে থাকেন এবং লোকদেরকে তাকবীর শুনাতে থাকেন’।[2] বস্ত্ততঃ এটাই ছিল ছালাতে মুকাবিবর হওয়ার প্রথম ঘটনা। আর আবুবকর (রাঃ) ছিলেন ইসলামের ইতিহাসে প্রথম ‘মুকাবিবর’।

তাছাড়া এদিন তিনি উসামাহ বিন যায়েদ-এর নেতৃত্বে শাম অঞ্চলে সর্বশেষ সেনাদল প্রেরণ করেন (দ্রঃ সারিইয়া ক্রমিক ৯০)।

## ফুটনোট

[1]. ফাৎহুল বারী ‘যে রোগে তাঁর মৃত্যু হয়, সেই অবস্থায় রাসূল (ছাঃ) কর্তৃক উসামার সেনাদল প্রেরণ’ অনুচ্ছেদ-এর আলোচনা হা/৪৪৬৬-এর পরে।

[2]. বুখারী হা/৭১৩; মুসলিম হা/৪১৮; মিশকাত হা/১১৪০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5746

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন